

(প্রেস বিজ্ঞপ্তি)

০১ অক্টোবর ২০২২ খ্রি.

সাবেক কাউন্সিলর এ.এ.এম শাহাবুদ্দিনের মৃত্যুতে সিটি মেয়র রেজাউল করিম চৌধুরী শোক প্রকাশ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাবেক সিটি মেয়র আ.জ.ম নাছির উদ্দীনের মেঝে ভাই আন্দরকিল্লা ওয়ার্ডের সাবেক কাউন্সিলর এ.এ.এম শাহাবুদ্দিনের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন। দিল্লীতে অবস্থানরত মেয়র শাহাবুদ্দিনের মৃত্যুর সংবাদ শুনে তারবার্তায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন। তিনি মরহুমের রুহের মাগফেরাত কামনা করে শোকাহত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

চসিক পূজা উদ্‌যাপন পরিষদের শারদীয় দুর্গোৎসবের সুচনাকালে ভারপ্রাপ্ত মেয়র মঙ্গল আরতিতে বর্ণাঢ্য উচ্ছ্বাসে দুর্গা দেবীকে জানাই স্বাগতম আসুন অসাম্প্রদায়িক চেতনায় আমরা এই উৎসবে মেতে উঠি

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আফরোজা কালাম বলেছেন, ঢাকে পড়েছে কাঠি। আলো-সানাই-শঙ্খ আর কাঁসরের রোয়াবে বাঙালি হিন্দু নারী-পুরুষ-শিশু-কিশোরদের প্রাণ আনচান করছে। মুম্বয়ী থেকে আনন্দময়ীর রূপদান পর্বের সমাপ্তি। বাঙালি হিন্দু বিশ্বাসে, কৈলাসশিখর ছেড়ে পিতৃগৃহে আসা দুর্গার শঙ্খ, কাঁসর আর ঢাকের বাদ্যের মধ্যে শুরু বাঙালি হিন্দু সম্প্রদায়ের প্রাণের উৎসব শারদীয় দুর্গোৎসবের। চট্টগ্রাম সিটি কর্পোরেশন পূজা উদ্‌যাপন পরিষদের উদ্যোগে জামালখান কুসুম কুমারী স্কুল প্রাঙ্গণে আজ শনিবার মহাষষ্ঠীতে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

ওয়ার্ড কাউন্সিলর ও চসিক পূজা উদ্‌যাপন পরিষদের সভাপতি শৈবাল দাশ সুমনের সভাপতিত্বে সাধারণ সম্পাদক বিপ্লব চৌধুরী ও সাংস্কৃতি সম্পাদক রাজেস চক্রবর্তীর সঞ্চালনায় সভায় বক্তব্য রাখেন-ভারতীয় সহকারী হাই কমিশনার ড. রাজীব রঞ্জন, স্বামী শক্তি নাথানন্দ মহারাজ, সংরক্ষিত কাউন্সিলর রুমকি সেনগুপ্ত, আঞ্জুমান আরা। এতে স্বাগত বক্তব্য রাখেন-চসিক পূজা উদ্‌যাপন পরিষদের সাবেক সাধারণ সম্পাদক রতন চৌধুরী, হারাধন আচার্য্য প্রমুখ।

ভারপ্রাপ্ত মেয়র আরো বলেন, শরতের আলোকময় মঙ্গল ঢাকের আওয়াজ ধ্বনিত হচ্ছে আকাশে-বাতাসে। আশুরিক অপশক্তির বিরুদ্ধে সুন্দর বিজয়ের প্রতীক সনাতনী সম্প্রদায়ের বৃহত্তম এই ধর্মীয় উৎসব দুর্গাপূজা মহা সমারোহে শুরু হয়েছে। তিনি আরো বলেন, বোধনের মন্ত্রে, ধূপের সৌরভে, মঙ্গল আরতিতে বর্ণাঢ্য উচ্ছ্বাসে দুর্গা দেবীকে জানাই স্বাগতম এবং অসাম্প্রদায়িক চেতনায় আমরা এই উৎসবে মেতে উঠি।

রামকৃষ্ণ সেবাশ্রম চট্টগ্রাম স্বামী শক্তি নাথানন্দ মহারাজ মঙ্গল প্রদীপ প্রজ্জ্বলন ও ভারতীয় সহকারী হাই কমিশনার ড. রাজীব রঞ্জন ফিতা কেকার মাধ্যমে অনুষ্ঠানের শুভ সুচনা করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩